দৈনিক বর্তমান
The Daily Bartoman
আমরা সত্যের অনুসারী
৮ পৃষ্ঠা মূল্য ৫ টাকা | শুক্রবার | ঢাকা, ১৬ ফেব্রুয়ারি ২০২৪ • ৩ ফাল্গুন ১৪৩০ • ৫ শাবান ১৪৪৫ • রেজি. নং ডিএ-৬২২৯, বর্ষ ১১, সংখ্যা ১৯৭ | www.dailybartoman.com

ক্যান্সারের টিকা তৈরির দ্বারপ্রান্তে রাশিয়া : পুতিন



পৃষ্ঠা ৫

১৭ ফেব্রুয়ারি পাকিস্তানজুড়ে বিক্ষোভের ডাক ইমরানের দলের



৫ পৃষ্ঠা



প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ সিকিউরিটি কনফারেন্সে যোগদানের লক্ষে জার্মানির উদ্দেশ্যে ঢাকা ত্যাগের প্রাক্কালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মন্ত্রিপরিষদের সদস্যরা, সংসদ উপনেতা, চিফহুইপ, কূটনৈতিকবৃন্দ, মন্ত্রিপরিষদ সচিব, তিন বাহিনীর প্রধান ও উর্ধ্বতন কর্মকর্তারা তাঁকে বিদায় জানান -পিআইডি

# নতুন মেয়াদে প্রথম বিদেশ সফরে জার্মানিতে প্রধানমন্ত্রী

বর্তমান প্রতিবেদক

মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগ দিতে জার্মানির উদ্দেশ্যে রওনা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। টানা চতুর্থ মেয়াদে সরকার গঠনের পর এটি তার প্রথম বিদেশ সফর। গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টা ১৩ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-২০৭ ফ্লাইটযোগে মিউনিখের উদ্দেশ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছাড়েন প্রধানমন্ত্রী। স্থানীয় সময় বিকেল ৫টা ২০ মিনিটে জার্মানির মিউনিখ ফ্রাঞ্জ জোসেফ স্ট্রস বিমানবন্দরে পৌঁছান তিনি। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান জার্মান সরকারের উচ্চ পর্যায়ের প্রতিনিধি ও জার্মানিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মো. মোশাররফ হোসেন ভূঁইয়া। বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষে প্রধানমন্ত্রী সফরকালীন আবাসস্থলে যান। ১৬ ফেব্রুয়ারি থেকে শুরু হতে যাওয়া মিউনিখ সিকিউরিটি কনফারেন্স ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। এতে বিশ্বের বিভিন্ন দেশের শীর্ষ নেতারা যোগ দেবেন। ৬০তম মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগদানের পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনা জার্মানির চ্যান্সেলর এরপর পৃষ্ঠা ২ কলাম ১

## আরও ১৩৭ উপজেলায় ভোট কখন জানাল ইসি

বর্তমান প্রতিবেদক

নির্বাচন কমিশন (ইসি) আরও ১৩৭ উপজেলা পরিষদ নির্বাচন কখন অনুষ্ঠিত হবে জানিয়েছে। এ নিয়ে মোট ৪৮১টি উপজেলা নির্বাচনের তারিখ জানাল ইসি। বৃহস্পতিবার এমন তথ্য জানান ইসির নির্বাচন ব্যবস্থাপনা শাখার কর্মকর্তারা। কর্মকর্তারা জানান, সিলেট, চট্টগ্রাম ও কুমিল্লা অঞ্চলের ১৩৭ উপজেলার সময় নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে আগামী ৪ মে প্রথম ধাপে ৪৫টি, দ্বিতীয় ধাপে ১১ মে ৪৪টি, তৃতীয় এরপর পৃষ্ঠা ২ কলাম ১

## শেখ হাসিনা-জেলেনস্কির বৈঠকে ঢাকা-মস্কো সম্পর্কে প্রভাব পড়বে না : রাশিয়ান দূত

বর্তমান প্রতিবেদক

ঢাকায় নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্দর মান্তিতস্কি বলেছেন, ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কির সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠকে ঢাকা-মস্কোর সম্পর্কে কোনো প্রভাব পড়বে না। গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিকাব) আয়োজিত 'ডিকাব টক' অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ডিকাব টকে এক প্রশ্নের এরপর পৃষ্ঠা ২ কলাম ১

# বিশ্ববিদ্যালয়ে গবেষণা কার্যক্রম বাড়ানোর তাগিদ রাষ্ট্রপতির



রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে বঙ্গভবনে প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরের নেতৃত্বে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধিদল কমিশনের '৪৯তম বার্ষিক প্রতিবেদন ২০২২' হস্তান্তর করেন -পিআইডি

বর্তমান প্রতিবেদক

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন দেশে উচ্চ শিক্ষা বিস্তারের পাশাপাশি শিক্ষা[র] মান উন্নয়নে কার্যকর ও দৃশ্যমা[ন] ভূমিকা রাখতে কাজ করার আহ্বা[ন] ও জানান। তিনি সরকা[রি] বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও উপ[-] উপাচার্য নিয়োগের জন্য একটি নীতিমালার আলোকে একটি প্যানে[ল] গঠনেরও প্রস্তাব করেন। সাহাবুদ্দি[ন] বলেন, উচ্চ শিক্ষায় শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির সাথে সাথে শিক্ষার গুণগ[ত] মান যাতে বৃদ্ধি পায় সেদিকে খেয়া[ল] রাখতে হবে। এই দেশ এখন 'স্মা[র্ট] বাংলাদেশ' গড়ার পথে। স্মা[র্ট] বাংলাদেশ গড়তে হলে প্রতি[টি] শিক্ষার্থীকে স্মার্ট হিসেবে গড়ে তুল[তে] হবে। বিশ্ব এখন চতুর্থ শিল্প বিপ্লবে[র] দিকে এগিয়ে যাচ্ছে উল্লেখ ক[রে] রাষ্ট্রপতি সাহাবুদ্দিন বলেন, আমাদে[র] শিক্ষার্থীরাও যাতে জাতীয় [ও] আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতা[য়] নিজেদের যোগ্যতাকে প্রমাণ কর[তে] পারে সে লক্ষ্যে দেশের উচ্চশিক্ষ[া] কার্যক্রম সাজাতে হবে। রাষ্ট্রপতি[র] প্রেস সচিব মো. জয়নাল আবেদী[ন] জানান, এরপর পৃষ্ঠা ২ কলাম

## কৃষি ও খাদ্যে বাংলাদেশ বিশ্বে প্রশংসিত : অর্থমন্ত্রী



বর্তমান প্রতিবেদক

বাংলাদেশ কৃষি ও খাদ্যে বিশ্বে এখন প্রশংসিত বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, এ ধারাবাহিকতায়

বিএনপিকে নিষিদ্ধ করার চিন্তা এখনো করেনি

## সড়ক আইন সংশোধনীর প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন : সংসদে সড়ক পরিবহনমন্ত্রী

বর্তমান প্রতিবেদক



আসাদুজ্জামান খানকে আহ্বায়ক করে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে

## শনিবার থেকে ৮ মিনিট পরপর চলবে মেট্রোরেল

বর্তমান প্রতিবেদক

আগামী শনিবার থেকে পিক আওয়ারে প্রতি ৮ মিনিট অন্তর মেট্রোরেল চলবে বলে জানিয়েছেন ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক



সার্বভৌমত্ব রক্ষায় পিছপা হবে না বিজিবি : ডিজি

# নিয়োগ বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ ও এর সর্বশেষ পরিমার্জন অনুযায়ী খোর্দ্দ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (এমপিওভুক্ত) ডাকঘরঃ খোর্দ্দ, উপজেলাঃ কলারোয়া, জেলাঃ সাতক্ষীরা এর জন্য শুণ্যপদে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমান সনদধারী নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সাধারণ) হিসেবে ইনডেক্সসহ ১০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন ৮ম বেতন গ্রেডে ১ জন সহকারী প্রধান শিক্ষক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের ১,৫০০/= (এক হাজার পাঁচশত) টাকার অফেরতযোগ্য পোস্টাল অর্ডার, ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, এন.আই.ডি কার্ডের কপি, প্রথম ও শেষ এমপিও সহ প্রয়োজনীয় এমপিও কপি সত্যায়িত এবং অভিজ্ঞতা সনদ ও প্রতিষ্ঠান প্রধানের অনাপত্তি সনদসহ আগামী ০১/০৩/২০২৪ ইং তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন আহবান করা যাচ্ছে।

প্রধান শিক্ষক
০১৭১৩৮৬১৭৫৬

সাতক্ষীরার প্রথম সংবাদপত্র
# দৈনিক কাফেলা
শুক্রবারের
■ THE DAILY KAFELA ■ প্রতিষ্ঠাতা ঃ আব্দুল মোতালেব
■ রেজি-কে.এন ৬৯ ■ ৩৩ তম বর্ষ ■ ৩২০ সংখ্যা ■ আজ শুক্রবার, ০৩ ফাল্গুন, ১৪৩০ ■ ০৫ শাবান, ১৪৪৫ হিঃ ■ ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ ■ পৃষ্ঠা সংখ্যা ৪ ■ মূল্য ৩.০০ টাকা

আজ শুক্রবার

### আল কোরআন

আর যখনই কুরআনের কোন অংশ এ বিষয়ে অবতীর্ণ করা হয় যে, তোমরা আল্লাহর উপর ঈমান আন এবং তাঁর রাসূলের সঙ্গী হয়ে জিহাদ কর, তখন তাদের মধ্যকার সম্পদশালী ক্ষমতাবান ব্যক্তিরা তোমার কাছে অব্যাহতি চায় ও বলে, 'আমাদেরকে অনুমতি দিন, আমরাও এখানে অবস্থানকারীদের সাথে থেকে যাই।'

-আয়াত : ৯১. ; রুকু ২৪

### স্মরণীয় বাণী

যারা আমাকে সাহায্য করতে মানা করে দিয়েছিল আমি তাদের প্রতি কৃতজ্ঞ। কারন তাদের 'না' এর জন্যই আজ আমি নিজের কাজ নিজে করতে শিখেছি। - আইনস্টাইন

### আপনার শিশু

আমার বাচ্চার বয়স ৭ দিন। ওর কি গোছল করাবো? জানতে চেয়েছেন পম্পা লাবসা, সাতক্ষীরা থেকে।

- ০ হ্যাঁ, আপনার বাচ্চাকে গোছল দিতে পারেন।
- ০ দরজা জানলা বন্ধ করে ফ্যান অফ করে, টোয়ালে প্রস্তুত রাখুন।
- ০ বাচ্চাকে কুসুম গরম পানিতে ঝুপ করে গোছল করায়ে মুছে ফেলুন।

প্রতিদিনই গোছল করাতে পারবেন যদি আবহাওয়া ভাল থকে। যে দিন আবহাওয়া খারাপ সেদিন দিলেন না।

-ডাঃ এ.টি.এম. রফিক (উজ্জ্বল)
শিশু বিভাগ
হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট
হাসপাতাল, ঢাকা

### ইতিহাসে প্রতিদিন

১২৪৯ - ফ্রান্সের রাজা নবম লুই কর্তৃক এন্দ্রু দা লংজুমেওকে মোঙ্গল সাম্রাজ্যের খাগানের কাছে দূত হিসেবে প্রেরণ করা হয়। ১৭০৪ - অবিভক্ত বাংলায় পুলিশী ব্যবস্থার প্রবর্তন। ১৭০৪ - অবিভক্ত বাংলায় পুলিশী ব্যবস্থার প্রচলন হয়। ১৮০৮ - ফরাসিদের স্পেন দখল। ১৮৬২ - আমেরিকান গৃহযুদ্ধঃ জেনারেল উলিসেস এস. গ্রান্ট টেনেসির ফোর্ট ডনেলসন দখল করেন। ১৮৭৩ - স্পেনকে প্রজাতন্ত্র ঘোষণা।

### আজকের রাশিফল

# বিএনপিকে নিষিদ্ধ করার চিন্তা আ.লীগ এখনো করেনিঃ কাদের



এফএনএসঃ বিএনপিকে 'সন্ত্রাসী দল' হিসেবে অনেকেই চিহ্নিত করেছে, তবে তাদের নিষিদ্ধ করার চিন্তা এখনো দলগতভাবে আওয়ামী লীগ করেনি বলে জানিয়েছেন দলটির সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল বৃহস্পতিবার রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। ওবায়দুল কাদের বলেন, বিএনপি সন্ত্রাসী দল- এটা কানাডার ফেডারেল আদালতই দিয়েছে। যুক্তরাষ্ট্রে তারেক জিয়ার প্রবেশ নিষিদ্ধ, আমেরিকার হোমল্যান্ড সিকিউরিটি এটা দিয়েছে। বিএনপিকে সন্ত্রাসী দল হিসেবে অনেকেই চিহ্নিত করেছে। তবে তাদের নিষিদ্ধ করার চিন্তা দলগতভাবে আওয়ামী লীগ এখনো করেনি। এখানে আদালতের বিষয় আছে। আইন-আদালত তো মানতে হবে। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জামিন প্রসঙ্গে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, আদালত স্বাধীনভাবে কাজ করছে। আদালত জামিন দিয়েছেন। কাউকে জামিন দেওয়ার অর্থ এই নয়, তিনি অপরাধ থেকে সম্পূর্ণ মুক্ত। মামলা তো আছে, মামলা চলবে। বিএনপির আন্দোলন বেগবান হতে হতে তাদের পতন হয়ে যাবে। এখন পতনের গভীর খাদ থেকে কে উদ্ধার করবে? আমরা তো প্রস্তুত, রাস্তায় সদা জাগ্রত প্রহরী শেখ হাসিনার জন্য। নির্বাচন নিয়ে বিএনপি নেতাদের বক্তব্যের বিষয়ে ওবায়দুল কাদের বলেন, তারা ডামি নির্বাচন বলছে, প্রমাণ হয়ে গেছে তারাই ডামি বিরোধীদল। তারা নিজেরাই ডামি। নির্বাচনে অংশগ্রহণই করেনি। সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন প্রসঙ্গে তিনি বলেন, দলের সংসদীয় মনোনয়ন বোর্ড যাচাই-বাছাই করে প্রার্থিতা চূড়ান্ত করেছে।

# শেখ হাসিনা-জেলেনস্কির বৈঠকে ঢাকা-মস্কো সম্পর্কে প্রভাব পড়বে নাঃ রাশিয়ান দূত

এফএনএসঃ ঢাকায় নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্দর মান্তিতস্কি বলেছেন, ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কির সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠকে ঢাকা-মস্কোর সম্পর্কে কোনো প্রভাব পড়বে না। গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে ডিপ্লোম্যাটিক করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিকাব) আয়োজিত 'ডিকাব টক' অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ডিকাব টকে এক প্রশ্নের উত্তরে রাশিয়ার রাষ্ট্রদূত বলেন, আমরা জানতে পেরেছি মিউনিখ ... বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠক করবেন। তবে এ নিয়ে ঢাকা-মস্কোর সম্পর্কে কোনো প্রভাব পড়বে না। মিয়ানমারের জান্তা সরকারকে রাশিয়া অস্ত্র সরবরাহ করছে- এ বিষয়ে মন্তব্য জানতে চাইলে রাশিয়ার রাষ্ট্রদূত বলেন, অনেক দেশই মিয়ানমারকে অস্ত্র সরবরাহ করে থাকে। আমরা বাংলাদেশকেও অস্ত্র সরবরাহ করে থাকি। অপর এক প্রশ্নের উত্তরে রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশ ভারসাম্যের কূটনীতি করে চলেছে। বাংলাদেশের এই কূটনীতিকে আমরা প্রশংসা করি। এক প্রশ্নের উত্তরে রাশিয়ার রাষ্ট্রদূত বলেন, রোহিঙ্গাদের ... এ নিয়ে আমাদের কোনো দ্বিধা নেই। অপর এক প্রশ্নের উত্তরে রাষ্ট্রদূত বলেন, টাকার সঙ্গে রুবল বিনিময়ে আলোচনা অব্যাহত রয়েছে। এটা করতে পারলে দুই দেশের বাণিজ্য আরও বাড়বে। আরেক প্রশ্নের উত্তরে রাষ্ট্রদূত বলেন, ফিলিস্তিন ইস্যুতে পশ্চিমারা ডাবল স্ট্যান্ডার্ড নিয়েছে। তারা ইউক্রেন ইস্যুতে অনেক সোচ্চার, তবে গাজায় গণহত্যা নিয়ে নিশ্চুপ রয়েছে। ফিলিস্তিন ইস্যুতে বাংলাদেশ ও রাশিয়া একই মনোভাব পোষণ করে থাকে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ডিকাব প্রেসিডেন্ট নুরুল ইসলাম হাসিব ও সাধারণ ...



# জার্মানি সফরে গেলেন প্রধানমন্ত্রী

# বেলুন-ফানুস-ঘুড়ি নিয়ে বেকায়দায় মেট্রোরেল

এফএনএসঃ যখন-তখন ঘুড়ি, ফানুস কিংবা গ্যাস বেলুন উড়ে এসে পড়ছে মেট্রোরেলের বৈদ্যুতিক লাইনের ওপর। আর এতে করে প্রায়শই বন্ধ হয়ে যাচ্ছে ট্রেন চলাচল। কখন কোথায় ঘুড়ি, বেলুন, ফানুস এসে পড়ে, তা নিয়ে উৎকণ্ঠায় মেট্রোরেল কর্তৃপক্ষ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। মেট্রোরেলের পার্শ্ববর্তী ১ কিলোমিটারের মধ্যে ঘুড়ি, ফানুস ও গ্যাস বেলুন ইত্যাদি যাতে না ওড়াতে পারে, সেই বিষয়ে ব্যবস্থা নিতে পুলিশকে চিঠি দিয়েছে মেট্রোরেল কর্তৃপক্ষ। ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনারকে অনুরোধ জানিয়ে গত ১১ ফেব্রুয়ারি ডিএমটিসিএল-এর সচিব মোহাম্মদ আবদুর রউফের পাঠানো চিঠিতে বলা হয়েছে, প্রধানমন্ত্রী মেট্রোরেলের শুভ উদ্বোধন করেছেন। শুক্রবার ছাড়া প্রতিদিন উত্তরা উত্তর থেকে মতিঝিল পর্যন্ত মেট্রো ট্রেন সকাল ৭টা ১০ মিনিট হতে রাত ৮টা ৪০ মিনিট পর্যন্ত বাণিজ্যিকভাবে চলাচল করছে। মেট্রো ট্রেনে প্রতিদিন গড়ে প্রায় ২ লাখ ৭০ হাজার যাত্রী স্বাচ্ছন্দ্যে ও স্বল্প সময়ে যাতায়াত করছেন। উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত অংশে উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক লাইন ব্যবহার করে মেট্রো ট্রেন চলাচল করে। ঘুড়ি, ফানুস ও গ্যাস বেলুন ইত্যাদি বা অনুরূপ কোনো বস্তু ওড়ানো হলে এর অবশিষ্টাংশ উচ্চ ক্ষমতাসম্পন্ন মেট্রোরেলের বৈদ্যুতিক লাইনে জড়িয়ে যে কোনো মুহূর্তে মারাত্মক দুর্ঘটনা ঘটার আশঙ্কা রয়েছে। ৭ ফেব্রুয়ারি দুটি ঘুড়ি ও ঘুড়ির সুতা পল্লবী থেকে শেওড়াপাড়া পর্যন্ত অংশের বৈদ্যুতিক লাইনে আটকে থাকায় নির্ধারিত সময়সূচি অনুযায়ী মেট্রো ট্রেনের চলাচল ব্যাহত হয় বলেও জানানো হয় চিঠিতে। এতে আরও বলা হয়, মেট্রোরেলের রুট অ্যালাইনমেন্ট ও পার্শ্ববর্তী এলাকার ১ কিলোমিটারের মধ্যে ঘুড়ি, ফানুস ও গ্যাস বেলুন ইত্যাদি বা অনুরূপ কোনো বস্তু যাতে ওড়াতে না পারে, সেই বিষয়ে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনস্বার্থে বিশেষভাবে অনুরোধ করা হলো।



# আমার ভাইয়ের রক্তে রাঙানো

এফএনএস : বাঙালীর ইতিহাসের আলোকিত অধ্যায় ভাষা আন্দোলন। ১৯৪৮ সাল থেকে ১৯৫২ সাল পর্যন্ত চলা আন্দোলনে অসংখ্য নারী-পুরুষ যোগ দিয়েছিলেন। মায়ের ভাষার মর্যাদা রক্ষায় রাজপথে প্রাণ দিয়েছিলেন বরকত, রফিক, শফিক, জব্বাররা।
সঙ্গত কারণেই স্বপ্ন ছিল, সর্বস্তরে প্রচলিত হবে বাংলা। কিন্তু স্বাধীনতার দীর্ঘ বছর পরও সেটি সম্ভব হয়নি। সরকারী বেসরকারী অফিস আদালত, স্বায়ত্তশাসিত

২ পাতার ৮ কলাম

# এসএসসি পরীক্ষা শুরু

এফএনএসঃ সারা দেশে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে গতকাল বৃহস্পতিবার। সকাল ১০টা থেকে শুরু হওয়া এ পরীক্ষা শেষ হবে দুপুর ১টায়। প্রথম দিন বাংলা প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন। দেশজুড়ে ২৯ হাজার ৭৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ৩ হাজার ৭০০টি কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয় জানায়, এসএসসিতে পরীক্ষার্থী ১৬ লাখ ৬ হাজার ৮৭৯ ...

# ট্রেনে পর্যটক পরিবহনে কেনা হচ্ছে ট্যুরিস্ট কোচ

এফএনএস এক্সক্লুসিভঃ দেশের বিভিন্ন গন্তব্য থেকে কক্সবাজারে ট্রেন পরিচালনার জন্য ৫৪টি মিটার গেজ ট্যুরিস্ট কোচ কেনার সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে। চট্টগ্রামের দোহাজারী থেকে কক্সবাজার পর্যন্ত ১০১ কিলোমিটার নতুন রেলপথ নির্মাণ করা হয়েছে। ১৮ হাজার কোটির বেশি টাকা খরচ করে ডুয়াল গেজ রেললাইনটি নির্মাণ হলেও এর পূর্ণ সুফল পর্যটকরা এখনই পাচ্ছে না। কারণ ঢাকা-চট্টগ্রাম রেলপথটির বেশির ভাগ অংশ মিটার গেজ হওয়ায় ব্রড গেজ ট্রেন চালানো সম্ভব নয়। এমনকি তা ২০৪৫ সালের আগে হবে না বলেও রেলওয়ের করা এক সমীক্ষা সূত্রে জানা যায়। এ বাস্তবতা বিবেচনায় নিয়ে দেশের বিভিন্ন গন্তব্য থেকে কক্সবাজারে ট্রেন পরিচালনার বিষয়ে সম্প্রতি একটি সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করেছে ... সমীক্ষাটি পরিচালনা করেছে রাষ্ট্রায়ত্ত সংস্থা ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন কোম্পানি (আইআইএফসি)। এতে বলা হয়েছে, ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার রুটে অধিক সক্ষমতা ও বেশি গতির ট্রেনসেবা পেতে যাত্রীদের অপেক্ষা করতে হবে আরো অন্তত ২১ বছর। কারণ ঢাকা-চট্টগ্রামের পুরো রেলপথটি ২০৪৫ সালের আগে ডুয়াল গেজ করা সম্ভব হবে না। বাংলাদেশ রেলওয়ে সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, দেশে মূলত রেলপথ রয়েছে তিন ধরনের রেলপথ রয়েছে। সেগুলো হলো মিটার গেজ, ব্রড গেজ ও ডুয়াল গেজ। এর মধ্যে মিটার গেজ রেলপথে সমান্তরাল দুই রেলের দূরত্ব এক মিটার। ব্রড গেজে এ দূরত্ব ১ দশমিক ৬৭ মিটার। আর ডুয়াল গেজে সমান্তরালে রেল থাকে ...

# নিয়োগ বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ ও এর সর্বশেষ পরিমার্জন অনুযায়ী খোর্দ্দ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (এমপিওভুক্ত) ডাকঘরঃ খোর্দ্দ, উপজেলাঃ কলারোয়া, জেলাঃ সাতক্ষীরা এর জন্য শুণ্যপদে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বিএড ডিগ্রি/সমমান সনদধারী নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সাধারণ) হিসেবে ইনডেক্সসহ ১০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন ৮ম বেতন গ্রেডে ১ জন সহকারী প্রধান শিক্ষক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদের ১,৫০০/= (এক হাজার পাঁচশত) টাকার অফেরতযোগ্য পোস্টাল অর্ডার, ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, এন.আই.ডি কার্ডের কপি, প্রথম ও শেষ এমপিও সহ প্রয়োজনীয় এমপিও কপি সত্যায়িত এবং অভিজ্ঞতা সনদ ও প্রতিষ্ঠান প্রধানের অনাপত্তি সনদসহ আগামী ০১/০৩/২০২৪ ইং তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন আহবান করা যাচ্ছে।

**প্রধান শিক্ষক**
০১৭১৩৮৬১৭৫৬

কাবি-২২/২৪